

ঢাকা বিশ্ববিদ্যালয় শহীদুল্লাহ হলে মানসিক স্বাস্থ্য মেলা

স্টাফ রিপোর্টার

প্রকাশিত: ২২:৫২, ১৯ মে ২০২৫



ছবিঃ সংগৃহীত



ঢাকা বিশ্ববিদ্যালয় ড. মুহম্মদ শহীদুল্লাহ হলে আজ (১৯ মে ২০২৫) সোমবার মানসিক স্বাস্থ্য মেলা অনুষ্ঠিত হয়েছে।

৪

ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা
প্রধান অতিথি হিসেবে এই মেলার উদ্বোধন করেন। হলের শিক্ষার্থীদের মানসিক
স্বাস্থ্যসেবা প্রদানের লক্ষ্যে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের সহযোগিতায় এই মেলা
আয়োজন করা হয়।

৫

ড. মুহম্মদ শহীদুল্লাহ হলের প্রাধ্যক্ষ অধ্যাপক ড. মুহাম্মদ জাবেদ হোসেনের সভাপতিত্বে মেলার উদ্বোধনী
অনুষ্ঠানে ক্লিনিক্যাল সাইকোলজি বিভাগের চেয়ারম্যান ড. মো. শাহানূর হোসেন বিশেষ অতিথি হিসেবে বক্তব্য
রাখেন। অনুষ্ঠানে হলের আবাসিক শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

প্রো-ভাইস চ্যান্সেলর (প্রশাসন) অধ্যাপক ড. সায়মা হক বিদিশা বলেন, শিক্ষার্থীদের
শারীরিক সুস্থিতা বজায় রাখার পাশাপাশি মানসিক স্বাস্থ্য সুরক্ষার বিষয়টিও অত্যন্ত
গুরুত্বপূর্ণ। এ ব্যাপারে সচেতনতা বৃদ্ধির উপর তিনি গুরুত্বারোপ করেন।

উল্লেখ্য, ড. মুহম্মদ শহীদুল্লাহ হলে শিক্ষার্থীদের জন্য নিয়মিত মানসিক স্বাস্থ্য সেবা
কার্যক্রম চালু রয়েছে। এর ধারাবাহিকতায় এই মেলা আজ দুপুর ২টায় শুরু হয়ে সন্ধ্যা
পর্যন্ত চলে।